

মাসিক এমআইএস প্রতিবেদন

এপ্রিল ২০১৯

৩৫২ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmplanning@bapex.com.bd web : www.bapex.com.bd

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন :	০৩-০৮
	২.১ 3D Seismic Project of BAPEX	০৩
	২.২ Rupkalpa-1 Drilling Project.	০৪
	২.৩ Rupkalpa-2 Drilling Project.	০৫
	২.৪ Rupkalpa-3 Drilling Project.	০৬
	২.৫ Rupkalpa-9: 2D Seismic Project.	০৭
	২.৬ Rupkalpa-5 Drilling Project.	০৮
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	০৯-১০
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১১-২৩
	৪.১ ভূতাত্ত্বিক বিভাগ	১১-১৩
	৪.২ ভূপদার্থিক বিভাগ	১৪
	৪.৩ খনন পরিচালনা বিভাগ	১৫
	৪.৪ টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ	১৬
	৪.৫ পরীক্ষাগার বিভাগ	১৭-১৮
	৪.৬ উৎপাদন বিভাগ	১৯-২০
	৪.৭ প্রকৌশল বিভাগ	২১-২২
	৪.৮ ডাটা ম্যানেজমেন্ট বিভাগ	২৩
৫	বিবিধ তথ্য	২৪-৩০
	৫.১ লোকবল	২৪
	৫.২ প্রশিক্ষণ	২৫-২৬
	৫.৩ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৭-২৮
	৫.৪ রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৯
	৫.৫ নগদ তহবিল বিবরণী	২৯
	৫.৬ বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	৩০
	৫.৭ আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়োন ও প্রেমণ	৩১
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩২-৩৯
	৬.১ সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩২-৩৬
	৬.২ সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৭-৩৮
	৬.৩ বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৯-৪০

১।

কোম্পানীর পরিচিতি

ক্রমিক নং	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নাম	ঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
০২	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধি	ঃ * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংগঠন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৩	তত্ত্বাবধায়ক সংস্থা	ঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৪	প্রশাসনিক মন্ত্রণালয়	ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৫	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিত	ঃ ০৩ এপ্রিল, ১৯৮৯।
০৬	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখ	ঃ ০১ জুলাই, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখ	ঃ ২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৮	কোম্পানীর প্রধান কার্যালয়	ঃ বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিত	ঃ ২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কৃপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হার	ঃ ২ : ১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	ঃ ২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যা	ঃ ০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ টিজিটিএন্ডডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনভেনসেন্ট সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ বিজিএফসিএল, সুপার রিফাইনারি (প্রাঃ) লিঃ
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণ	ঃ ৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণ	ঃ ৫ (পাঁচ) লক্ষ টাকা যা ৫ (পাঁচ) হাজার শেয়ারে বিভক্ত।

২। **GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন**২.১ **3D SEISMIC PROJECT OF BAPEX**

১। প্রকল্পের নাম	:	৩-ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স																							
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ১০-০২-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।																							
৩। প্রকল্পের অবস্থান	:	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।																							
৪। বাস্তবায়ন কাল	:	ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৭ (মূল)।	ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৯ (সংশোধিত)																						
৫। প্রকল্প ব্যয়	:	<table><tr><th colspan="2">মূল</th><th colspan="2">সংশোধিত</th></tr><tr><td>স্থানীয় মুদ্রা</td><td>:</td><td>৯,১১০.০০ লক্ষ টাকা</td><td>স্থানীয় মুদ্রা</td><td>:</td><td>১৩,৪২৪.০০ লক্ষ টাকা</td></tr><tr><td>নগদ বৈঃ মুদ্রা</td><td>:</td><td>৯,১৪০.০০ লক্ষ টাকা</td><td>নগদ বৈঃ মুদ্রা</td><td>:</td><td>১১,৩৪৬.০০ লক্ষ টাকা</td></tr><tr><td>মোট</td><td>:</td><td>১৮,২৫০.০০ লক্ষ টাকা</td><td>মোট</td><td>:</td><td>২৪,৭৭০.০০ লক্ষ টাকা</td></tr></table>		মূল		সংশোধিত		স্থানীয় মুদ্রা	:	৯,১১০.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	:	১৩,৪২৪.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	:	৯,১৪০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	:	১১,৩৪৬.০০ লক্ষ টাকা	মোট	:	১৮,২৫০.০০ লক্ষ টাকা	মোট	:	২৪,৭৭০.০০ লক্ষ টাকা
মূল		সংশোধিত																							
স্থানীয় মুদ্রা	:	৯,১১০.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	:	১৩,৪২৪.০০ লক্ষ টাকা																				
নগদ বৈঃ মুদ্রা	:	৯,১৪০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	:	১১,৩৪৬.০০ লক্ষ টাকা																				
মোট	:	১৮,২৫০.০০ লক্ষ টাকা	মোট	:	২৪,৭৭০.০০ লক্ষ টাকা																				

- ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য :
- Identify the thickening, thinning & discontinuity of gas sands and new sands.
 - Improve the definition of structure size and location of maximum hydrocarbon reserve.
 - Precisely identify the new drilling locations by better delineation of structural, stratigraphic, combination features & to reduce the risk of drilling development/appraisal well significantly; and
 - Help better planning on future gas demand supply through better knowledge about the gas reservoir.

- ৭। প্রক্রিয়াধীন অগ্রগতি :
১. প্রকল্পের আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব অনুমোদনের বিষয়টি বর্তমানে মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।
 ২. প্রকল্পের আওতায় সেমুতাং গ্যাসক্ষেত্রে GPS সার্ভেইং এর কাজ শুরু করা হয়েছে।
 ৩. প্রকল্পের বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্স এর চট্টগ্রামস্থ পোমরা ম্যাগাজিন এলাকা হতে খাগড়াছড়িতে স্থাপিত প্রকল্পের অস্থায়ী পিট ম্যাগাজিনে স্থানান্তর করা হয়েছে।
 ৪. প্রকল্পের আওতায় আমদানীকৃত বিস্ফোরক দ্রব্যাদি বেনাপোল স্থল বন্দর হতে খালাস পূর্বক চট্টগ্রামস্থ বাপেক্স এর পোমরা ম্যাগাজিনে সংরক্ষণ করা হয়েছে।
 ৫. ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে উপাত্ত সংগ্রহ কাজের বিবরণ (সেমুতাং গ্যাসক্ষেত্র ২৫০ বর্গ কি.মি.):

Section	Monthly Total (Sq. km)	Cumulative (Sq. km)	Target (Sq. km)
Surveying	-	-	250
Drilling	-	-	250
Recording	-	-	250

৬. প্রকল্পের মোট উপাত্ত সংগ্রহ (ভৌত অগ্রগতি): সুনত্র ভূগঠনে ২৬০ বর্গ কি.মি + শাহবাজপুর গ্যাসক্ষেত্র ৬০০ বর্গ কি.মি + শ্রীকাইল গ্যাসক্ষেত্র ১৫০ বর্গ কি.মি + বেগমগঞ্জ-সুন্দলপুর গ্যাসক্ষেত্র ৪৪০ বর্গ কি.মি + নরসিংদী গ্যাসক্ষেত্র ২০০ বর্গ কি.মি + মোবারকপুর ভূগঠন ৩০০ বর্গ কি.মি. + ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র ৩০০ বর্গ কি.মি. + রূপগঞ্জ গ্যাসক্ষেত্র ২০০ বর্গ কি.মি. = ২৪৫০ বর্গ কি.মি.। উক্ত সংগৃহীত উপাত্তের ২২৫০ বর্গ কি.মি. এলাকার উপাত্ত প্রক্রিয়াকরণ এবং ১৯৫০ বর্গ কি.মি. এলাকার উপাত্ত বিশ্লেষণ কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	:	<table> <tr> <td>স্থানীয় মুদ্রা</td><td>:</td><td>১১,৮৮৯.৬৪ লক্ষ টাকা</td></tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td><td>:</td><td>৮,৮৮২.৮৭ লক্ষ টাকা</td></tr> <tr> <td>মোট</td><td>:</td><td>২০,৭৭২.৫১ লক্ষ টাকা</td></tr> </table>	স্থানীয় মুদ্রা	:	১১,৮৮৯.৬৪ লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	:	৮,৮৮২.৮৭ লক্ষ টাকা	মোট	:	২০,৭৭২.৫১ লক্ষ টাকা
স্থানীয় মুদ্রা	:	১১,৮৮৯.৬৪ লক্ষ টাকা									
নগদ বৈদেশিক মুদ্রা	:	৮,৮৮২.৮৭ লক্ষ টাকা									
মোট	:	২০,৭৭২.৫১ লক্ষ টাকা									

৯। ডিপির বিপরীতে	:	বাস্তব	আর্থিক
অগ্রগতির শতকরা হার		৮৩.৮৬ %	৮৩.৮৬ %

২.২

Rupkalpa-1 Drilling Project

১। প্রকল্পের নাম

২। প্রকল্প অনুমোদন পর্যায়

৩। প্রকল্পের অবস্থান

৪। বাস্তবায়ন কাল

৫। প্রকল্প ব্যয়

৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

৭। প্রক্রিয়াধীন অগ্রগতি

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি
(এপ্রিল, ২০১৯ পর্যন্ত)

৯। ডিপিপি'র বিপরীতে
অগ্রগতির শতকরা হার

Rupkalpa-1 Drilling Project.

প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত

হারারগঞ্জ-১, উপজেলা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট
সালদা নর্থ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম
শ্রীকাইল ইস্ট-১, উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম
শ্রীকাইল নর্থ-২ উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম
কসবা-২, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম

০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০২০ (২য় সংশোধিত, প্রস্তাবিত)

মূল	স্থানীয় মুদ্রা	সংশোধিত	স্থানীয় মুদ্রা
স্থানীয় মুদ্রা	: ১৪,৬৫৮.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	: ১৫,১৫৮.০০ লক্ষ টাকা
নগদ বৈঃ মুদ্রা	: ৩৩,১২৫.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	: ২৭,৯২০.০০ লক্ষ টাকা
মোট	: ৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা	মোট	: ৪৩,০৭৮.০০ লক্ষ টাকা

➤ To Drill 3 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production.

➤ Subject to discover of oil/gas; additional 451.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 30 MMSCFD oil/gas will be production.

১. প্রকল্পের অধীন খননতব্য ০৩ টি অনুসন্ধান কূপ (হারারগঞ্জ-১, শ্রীকাইল ইস্ট-১, সালদা নর্থ-১) ও ০২ টি উন্নয়ন কূপ (শ্রীকাইল নর্থ-২, কসবা-২) এর মধ্যে সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম অক্টোবর, ২০১৮ তে সম্পন্ন হয়েছে। সেখানে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস মজুদ পাওয়া যায়নি। শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণ এবং রিগ ও মেশিনারী ফাউন্ডেশন কাজ শেষ হয়েছে। অন্যান্য অবকাঠামো নির্মাণ কাজের ত্রয় প্রক্রিয়া চলমান আছে। কিন্তু হারারগঞ্জ-১ অনুসন্ধান কূপের লোকেশন এখনও প্রদান করা হয়নি। প্রকল্প এলাকায় রিগ স্থানান্তরের কাজ শুরু হয়েছে।

২. এডিপি ২০১৮-২০১৯ তে ২৭৩৯.০০ লক্ষ টাকা ন.বৈ.মুদ্রাসহ মোট ৫০০০.০০ লক্ষ টাকার বরাদ্দ অনুমোদন করা হয়েছে। এপ্রিল ২০১৯ মাস পর্যন্ত রাজস্ব খাতে ৩২৪.৬৫ লক্ষ টাকা ও মূলধন খাতে ১১১৭.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

৩. প্রস্তাবিত ২য় আরডিপিপি পর্যালোচনার জন্য ২২-০১-২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

৪. গত ০৩/০৪/২০১৮ তারিখে ন:বৈ:মুদ্রা: ২৭৯২০.০০ লক্ষ টাকা সহ প্রাক্কলিত ব্যয় ৪৩০৭৮.০০ লক্ষ টাকা নির্ধারণ করে প্রকল্পের ১ম আরডিপিপি অনুমোদিত হয়েছে।

স্থানীয় মুদ্রা	: ৩,২৮৩.৫৪ লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা	: ৬,৬৮৬.০০ লক্ষ টাকা
মোট	: ৯,৯৬৯.৫৪ লক্ষ টাকা

বাস্তব	আর্থিক
২০.৮৬ %	২০.৮৬ %

১। প্রকল্পের নাম	: Rupkalpa-2 Drilling Project.			
২। প্রকল্প অনুমোদন পর্যায়	: প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।			
৩। প্রকল্পের অবস্থান	: সেমুতাং সাউথ-১, উপজেলা- মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী সাউথ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী ওয়েস্ট-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। বাতচিয়া-১, উপজেলা- কুলাউড়া, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট। জকিগঞ্জ-১, সিলেট, জকিগঞ্জ।			
৪। বাস্তবায়ন কাল	: ০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ (প্রস্তাবিত)।			
৫। প্রকল্প ব্যয়	মূল		সংশোধিত	
	স্থানীয় মুদ্রা	: ১৩,০০২.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	: ৭,৯৫৯.০০ লক্ষ টাকা
	নগদ বৈঃ মুদ্রা	: ২৮,৪৫০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	: ১৪,৫৪০.০০ লক্ষ টাকা
	মোট	: ৪১,৪৫২.০০ লক্ষ টাকা	মোট	: ২২,৪৯৯.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	: ➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 4358.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 23 MMSCFD oil/gas will be produced from this project.			
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	: ১. খনন ঠিকাদার 'সকার' সেমুতাং সাউথ-১ কূপ গত ২৬-০৭-২০১৮ তারিখ খনন কাজ শুরু করে। অতঃপর ২০৫.৫৯ মিটার গভীরতায় ২০", ৮৬৪.৯২ মিটার গভীরতায় ১৩ $\frac{3}{8}$ " এবং ২০০৫.৩৭ মিটার গভীরতায় ৯ $\frac{5}{8}$ " কেসিং ও সিমেন্টিং করা হয়। পরবর্তীতে ৪ $\frac{1}{2}$ " হোল সেকশন ৩০২০ মিটার গভীরতা পর্যন্ত খনন করা হয়েছে। ০৪-০১-২০১৯ তারিখে খনন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। কূপ সমাপ্তির সার্টিফিকেট ০৯-০১-২০১৯ তারিখ প্রকল্প হতে প্রদান করা হয়। ইনভয়েস ২৩-০১-২০১৯ তারিখ প্রকল্পে দাখিল করে। প্রকল্প হতে ১৬-০৪-২০১৯ তারিখে ইনভয়েস সার্টিফাইড করা হয়। সকার কর্তৃক প্রেরিত ইনভয়েস সম্পর্কিত ডকুমেন্ট জনতা ব্যাংক লিমিটেড, শান্তিনগর কর্পোরেট শাখা কর্তৃক যাচাই বাচাই এর কাজ চলমান আছে। ২. সালদানদী সাউথ-১ কূপের পরিবর্তে প্রস্তাবিত সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার অন্তর্গত মধুদত্ত মৌজায় ৩১-১০-২০১৭ তারিখ বাপেক্স কর্তৃক জকিগঞ্জ-১ অনুসন্ধান কূপের লোকেশন সরেজমিনে নিহিত করতঃ কূপ এলাকার ভূমি উন্নয়ন এবং এপ্রোস রোড নির্মাণের জন্য ১৮-০২-২০১৮ তারিখ মোট ৫.০১ একর ভূমি অস্থায়ী হুকুম দখলের অনুমোদন প্রদান করেছে। ভূমি অধিগ্রহণের পাশাপাশি পূর্ত নির্মাণ ও বৈদেশিক মালামাল সংগ্রহের দরপত্র প্রস্তুত, আস্থান, মূল্যায়ন ও অনুমোদন কাজসমূহ পর্যায়ক্রমে সম্পন্ন করা হচ্ছে। ভূমি উন্নয়ন ও এপ্রোচ রোড নির্মাণ কাজের ক্রয় প্রস্তাব গত ২৬-০৬-২০১৮ তারিখ সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভায় অনুমোদন হয়। ভূমি অধিগ্রহণে অর্থ পরিশোধ প্রক্রিয়াধীন আছে। শীঘ্রই ভূমি উন্নয়ন কাজের কার্যাদেশ প্রদান করা হবে।			
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	: স্থানীয় মুদ্রা : ৮৪১.২৭ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ১,৪২৫.০০ লক্ষ টাকা মোট : ২,২৬৬.২৭ লক্ষ টাকা			
৯। ডিপির বিপরীতে অগ্রগতির শতকরা হার	: বাস্তব : ১০.০৭ % আর্থিক : ১০.০৭ %			

২.৪

Rupkalpa-3 Drilling Project

১। প্রকল্পের নাম	: Rupkalpa-3 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	: প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	: কসবা-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। মাদারগঞ্জ-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। জামালপুর-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। শৈলকুপা-১, উপজেলা- শৈলকুপা সদর, জেলা- ঝিনাইদহ, বিভাগ- খুলনা।
৪। বাস্তবায়ন কাল	: ০১ জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৯ (১ম সংশোধিত)।
৫। প্রকল্প ব্যয়	: স্থানীয় মুদ্রা : ১৩,৬০৮.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ২৪,৬৫৫.০০ লক্ষ টাকা মোট : ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	: ➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 2024 BCF gas reserve of the country will be increased and 24 MMSCFD gas will be produced from this projec
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	: ১. কসবা # ১ অনুসন্ধান কূপটি Re-entry এর সুযোগ রেখে গত ১৮ অক্টোবর ২০১৮ তারিখ Testing সহ কূপ খনন সফল ভাবে সম্পন্ন হয়েছে। ২. মাদারগঞ্জ # ১ (ভাড়াকৃত রিগ দ্বারা খনন করা হবে) এর লোকেশন গত ১৭.০৬.২০১৭ তারিখে পাওয়া গেছে। ৩১/০৮/২০১৭ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে জমি হুকুম দখলের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ১৪/১২/২০১৭ তারিখে মাদারগঞ্জ-১ খনন প্রকল্পের জন্য ভূমি দখল বুঝে পাওয়া যায়। ঠিকাদার কর্তৃক রাস্তা নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। ৩. ২০১৮-২০১৯ অর্থ বছরে আরএডিপি ৩২৪.০০ লক্ষ টাকা বরাদ্দের জন্য প্রস্তাব করা হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	: - স্থানীয় মুদ্রা : ২৫৭৩.৮১ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৪৫২৬.০৩ লক্ষ টাকা মোট : ৭০৯৯.৮৪ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	: বাস্তব : ১৮.৫৬ % আর্থিক : ১৮.৫৬ %

২.৫

Rupkalpa-9: 2D Seismic Project

১। প্রকল্পের নাম	:	Rupkalpa-9: 2D Seismic Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	:	টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ এবং শেরপুর জেলা।
৪। বাস্তবায়ন কাল	:	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৯।
৫। প্রকল্প ব্যয়	:	স্থানীয় মুদ্রা : ৫,৯৮৮.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৬,৩৫০.০০ লক্ষ টাকা মোট : ১২,৩৩৮.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	The main objective is to Identify Exploratory well location on previously identified 19 seismic leads under vision 2021 in the exploration block 8 & 11. ➤ Identify probable leads/prospect by conducting seismic survey to delineate drillable subsurface structure ➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	:	১. প্রকল্পের আওতায় গত ২০১৭-২০১৮ মার্চ মৌসুমে প্রায় ৮১০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে সাইসমিক পার্টি-১ এর মাধ্যমে জামালপুর জেলা ও তৎসংলগ্ন এলাকা এবং সাইসমিক পার্টি-২ এর মাধ্যমে কিশোরগঞ্জ জেলা ও তৎসংলগ্ন এলাকায় ইতোমধ্যে প্রায় ১৭৭১ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। ২. প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের এপ্রিল, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয় ৭৬১.১২ লক্ষ টাকা।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	:	- স্থানীয় মুদ্রা : ১৮৭৭.৪৫ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৩৭৪৫.৭৯ লক্ষ টাকা মোট : ৫৬২৩.২৪ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব : ৪৫.৫৮ % আর্থিক : ৪৫.৫৮ %

২.৬

Rupkalpa-5 Drilling Project

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-5 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ৩০-০৫-২০১৭ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	কুমিল্লা, নোয়াখালী এবং পাবনা জেলা।
৪। বাস্তবায়ন কাল	ঃ	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৯ (১ম সংশোধিত)।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ৮,৫২০.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ২১,৪৮০.০০ লক্ষ টাকা মোট : ৩০,০০০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To drill two exploratory & one appraisal cum development wells with a view to discovering oil/gas and one workover operation to increase the country's gas reserve & production. ➤ To add additional 190 BCF recoverable gas reserve (considering recovery factor 65%) of the country and to increase 26 MMSCFD gas production daily from this project depending upon discovery.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. প্রকল্পের আওতায় ১টি ওয়ার্কওভার, ১টি উন্নয়ন এবং ২টি অনুসন্ধান কূপ খনন করা হবে। ২. বেগমগঞ্জ-৩ ওয়ার্কওভারঃ ১৯২৬-১৯৪১ মিটার গভীরতায় পারফোরেশন করে DST কার্যক্রম পরিচালনা করা হয়। সফলভাবে গ্যাস ফ্লো সম্পন্ন হয় এবং গ্যাস উৎপাদনের লক্ষ্যে প্যাকার সেট করে কমিশন সম্পন্ন করা হয়। বর্তমানে দৈনিক ৬.২ MMSCF গ্যাস বাখরাবাদ সরবরাহ লাইনে বিতরণ চলছে। ৩. বেগমগঞ্জ-৪ উন্নয়ন কাম মূল্যায়ন কূপঃ ভাড়া রিগ দ্বারা খনন করার লক্ষ্যে ইতোমধ্যে SOCAR-AQS এর সাথে চুক্তি মোতাবেক এলসি খোলা হয়েছে। জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন করতঃ জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজ সম্পন্ন হয়েছে। রিগ প্যাড নির্মাণ ও আনুষঙ্গিক পূর্ত কাজ সকার-একিউএস কর্তৃক গত ১৬/১০/২০১৮ তারিখ শুরু করা হয়েছে এবং শতকরা ৯০ ভাগ কাজ সম্পন্ন হয়েছে। বেগমগঞ্জ-৪ কূপ এলাকায় সকার একিউএস রিগ ও খনন মালামাল স্থানান্তর সম্পন্ন হয়েছে। বাপেক্স এবং SOCAR-AQS এর Observation অনুযায়ী বেগমগঞ্জ ৪ কূপের GTO সংশোধন করা হয়েছে। ৪. শ্রীকাইল নর্থ-১ অনুসন্ধান কূপঃ জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন হয়েছে। জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ এবং ২টি বক্স কালভার্ট নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। আরডিপিপি'তে উক্ত কূপ খনন কার্যক্রম বিযুক্ত করা হয়েছে। ৫. মোবারকপুর সাউথ ইস্ট-১ অনুসন্ধান কূপঃ ভাড়া রিগ দ্বারা খনন করা হবে। জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন হয়েছে। ৩-ডি সার্ভে দ্বারা লোকেশন মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে। জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ভূমি উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। আরডিপিপি'তে উক্ত কূপ খনন কার্যক্রম বিযুক্ত করা হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ১০৮৭.০১ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৭৮৮.৭৭ লক্ষ টাকা মোট : ১৮৭৫.৭৮ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ৬.২৫ % আর্থিক : ৬.২৫ %

গৃহীত পদক্ষেপ		দূর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তর সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হয়েছে।	১) কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত ২১টি অগ্নিনির্বাপক যন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/ বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দূর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে এলাকায় অত্র অর্থ বছরে ক্রয়কৃত ও বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৫) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন।	
৬) প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্কীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	৬) সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৭) অত্র গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট ও ক্যাম্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে।	৭) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপিত অগ্নিনির্বাপক যন্ত্রগুলো এবং ফায়ার ওয়াটার ইঞ্জিন পাম্প প্রতি সপ্তাহান্তে পরীক্ষা নিরীক্ষা ও কার্যপোযোগী করা হয়েছে, যাতে আপদকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা যেতে পারে।	
৮) সেমুতাং গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	
৯) বৃক্ষ রোপন কর্মসূচী সফল করার লক্ষ্যে রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।	
১০) সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১০) কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো চেক করা হয়েছে।	
১১) বৃক্ষ রোপণ কর্মসূচীর আওতায় রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে ১নং গ্যাস উৎপাদন কূপের কন্ট্রোল রুমের চারিপাশ আগাছামুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।	
১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ১নং ও ২নং কূপ এলাকায় বিভিন্ন সময় রোপিত ফলজ, বনজ ও ঔষধি গাছসহ এ পর্যন্ত লাগানো বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ভাণ্ডার ভবনের সামনে একটি গোড়াউন ঘর তৈরী করে সেখানে পেট্রোল, ডিজেল ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দূর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
	১৩) সেমুতাং গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে অস্থায়ী নিরাপত্তা প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আছেন এবং ০১ জন নিরাপত্তা প্রহরী তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া একটি মনিটরিং সেল নিরাপত্তা ব্যবস্থা তদারকি করে থাকেন। ১৪) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপ :- (ক) ফিল্ডে কূপের নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা মাঝে মাঝে পরীক্ষা করা হয়। (খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে। (গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে। (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে। ১৫) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ :- (ক) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের উপ-বিভাগ সমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে। (খ) সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের কার্যাদি পরিচালিত হয়েছে।	

৪।

বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ

৪.১

ভূতাত্ত্বিক বিভাগ

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব

ঃ

ভূতাত্ত্বিক জরিপ দল ২০১৮-১৯ মাঠ মৌসুমে মৌলভীবাজার জেলার পাথারিয়া ভূগঠনে মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম পরিচালনা করছে। জরিপ কাজের অগ্রগতির বিবরণ নিম্নরূপ-

জরিপকৃত ভূগঠন/ এলাকার নাম	কাজের বিবরণ	জরিপকৃত সেকশন/ ছড়াসমূহ	জরিপকৃত সেকশন/ ছড়ার দৈর্ঘ্য	জরিপের ক্রমপুঞ্জিভূত দৈর্ঘ্য	সংগৃহীত নমুনা
পাথারিয়া ভূগঠন	ভূতাত্ত্বিক জরিপ	বখা ছড়া, জলজা ছড়া ও জুড়ি-লাঠিটিলা রোড সেকশন।	১২ লাইন কিঃমিঃ	৮০ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনাঃ ০৫টি। ক্রমপুঞ্জিভূতঃ ৫৫টি। খ) গ্যাস নমুনাঃ ০১টি। ক্রমপুঞ্জিভূতঃ ০২টি। গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ নাই। ক্রমপুঞ্জিভূতঃ ০২টি।

- ০২। জরিপ কার্যক্রমে সংগৃহীত তথ্য ও উপাত্ত পূর্ণঃমূল্যায়নের জন্য কয়েকটি ছড়া/ সেকশনে পূর্ণরায় জরিপ করা হয়েছে।
- ০৩। জরিপ কার্যক্রমের সাথে সাথে লিথোলজিক্যাল কলাম এবং ভূতাত্ত্বিক ম্যাপ প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ০৪। সংগৃহীত শিলা নমুনা হতে ১ম ও ২য় দফায় ১৬টি (ষোল) করে মোট ৩২টি (বত্রিশ) শিলা নমুনা বিশ্লেষণ করার লক্ষ্যে ল্যাবরেটরী বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করা হয়েছে।
- ০৫। মাঠ পর্যায়ে ভূতাত্ত্বিক জরিপ দলের কার্যক্রম শেষে গত ২৭/০৪/২০১৯ তারিখে লোকবল ও মালামালসহ প্রধান কার্যালয়, ঢাকায় প্রত্যাবর্তনপূর্বক ভূতাত্ত্বিক জরিপ দলের মালামাল গোছানো, রক্ষনাবেক্ষন ও মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য-উপাত্ত বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ০৬। বরিশাল জেলাধীন আংলিয়াড়া উপজেলার পূর্ব সুজনকাঠী গ্রামের বড়ইতলা নামক স্থানে ইদ্রিস সরদারের বাড়ি সংলগ্ন ধানক্ষেতে সেচ পাম্পের মাধ্যমে পানির সাথে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।
- ০৭। নেত্রকোনা জেলাধীন সদর উপজেলার ২ নং মেদনী গ্রামের অগভীর নলকূপ হতে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ সংগৃহীত গ্যাস নমুনা পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে।

২। বেসিন স্টাডি

ঃ

- ০৮। বাংলাদেশের স্থলভাগে Lead Inventory এবং সম্ভাব্য ২-ডি/৩-ডি সাইসমিক জরিপ এলাকা নির্ধারণের লক্ষ্যে কাজ চলমান রয়েছে।
- ০৯। সাভার-মানিকগঞ্জ এলাকায় পূর্বে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ এবং সম্প্রতি ২০১৮-১৯ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ সমন্বয় করে ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ১০। শরিয়তপুর এলাকার পূর্বের সংগৃহীত এবং সম্প্রতি ২০১৭-১৮ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ একত্রীভূত করে শরিয়তপুর প্রসপেক্ট মূল্যায়নকরতঃ কূপ প্রস্তাবনা প্রনয়নের কাজ শুরু করা হয়েছে।
- ১১। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক Well Location সংশ্লিষ্ট হাইড্রোকার্বন এক্সপ্লোরেশন ম্যাপ প্রস্তুত করে পেট্রোবাংলা বরাবর প্রেরণ করা হয়েছে।

- ১২। ভোলা নর্থ গ্যাসক্ষেত্র ও এর পাশ্ববর্তী এলাকায় বিদ্যমান সাইসমিক উপাত্তসমূহ ও অন্যান্য ভূতাত্ত্বিক উপাত্তসমূহ বিশ্লেষণ করে ভোলা নর্থ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ # ২, ইলিশা অনুসন্ধান কূপ # ১ ও টবগী অনুসন্ধান কূপ # ১-এর কূপ প্রস্তাবনার উপর **Power Point Presentation** প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৩। ফরমেশন ইন্ডালুয়েশন

ঃ

- ১৩। গত ২৫-১০-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় শ্রীকাইল # ৪ এবং ফেঞ্চগঞ্জ # ৩ ও # ৪ কূপ সমূহে ওয়ার্কওভার করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শ্রীকাইল # ৪ এবং ফেঞ্চগঞ্জ # ৩ ও # ৪ কূপ সমূহে ওয়ার্কওভার কাজের জন্য পৃথক ০২ (দুই) টি খসড়া কারিগরী প্রতিবেদন তৈরি করা হয়েছে।
- ১৪। ফেঞ্চগঞ্জ # ৩ এবং # ৪ কূপ সমূহে ওয়ার্কওভার করার লক্ষ্যে চাহিদাকৃত Technical Specification তৈরির কাজ চলমান রয়েছে।
- ১৫। সুন্দলপুর # ২ উন্নয়ন কূপে ব্যবহৃত Wireline Logging tool এবং বেগমগঞ্জ # ৩ ওয়ার্কওভার কূপে ব্যবহৃত Radioactive Source Re-export এর কাজ চলমান রয়েছে।
- ১৬। সালদা নর্থ # ১ কূপে অনুসন্ধান কাজের অন্তর্ভুক্ত Wireline Logging সেবার বিপরীতে দাখিলকৃত Invoice (জুন ২০১৮ এবং আগস্ট ২০১৮) পরীক্ষণ এর কাজ চলমান রয়েছে।
- ১৭। শাহজাদপুর-সুন্দলপুর # ২ মূল্যায়ন/উন্নয়ন কূপ থেকে সংগৃহীত Wireline Log data, DST data এবং অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক খসড়া মজুদ নির্ণয় পূর্বক মজুদ প্রতিবেদন এবং Log Interpretation প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৮। ফেঞ্চগঞ্জ, বেগমগঞ্জ, সালদানদী, রূপগঞ্জ ও সুন্দলপুর গ্যাস ক্ষেত্রে প্রাপ্ত নতুন গ্যাস স্যান্ড এবং অন্যান্য গ্যাস স্যান্ড সহ ফিল্ড সমূহের মজুদ পুনঃমূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ১৯। শাহবাজপুর ইষ্ট # ১ কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে শাহবাজপুর গ্যাস ফিল্ডের মজুদ পুনঃমূল্যায়নপূর্বক মজুদ প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২০। ভোলা নর্থ গ্যাস ফিল্ডের ১ নং কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে Log Interpretation করত: প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২১। ভোলা নর্থ গ্যাস ফিল্ডের প্রাথমিক মজুদ মূল্যায়ন শেষে মজুদ প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৪। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব

ঃ

- ২২। সুনত্র অনুসন্ধান কূপ-২ এর GTO প্রস্তুতকরণের কাজ চলছে।
- ২৩। এসজিএফএলের সিলেট-৯ উন্নয়ন এবং মূল্যায়ন কূপের Revised GTO ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর অনুমোদনের পর এসজিএফএলের বরাবর প্রেরণ করার প্রক্রিয়াধীন রয়েছে।
- ২৪। বাপেক্সের ওয়েদারফোর্ড মাডলগিং ইউনিট রিফারবিস ও আপগ্রেড করার লক্ষ্যে প্রকিউরমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- ২৫। সালদানদী, ফেঞ্চগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন ও Well head pressure নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৫। আইওসি কার্যক্রম

৪

- ২৬। KrisEnergy ও Niko Resources-এর সাথে PSC Block-9 এর অংশীদার হিসেবে বাংগুরা গ্যাসক্ষেত্রের অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ২৭। Santos Sangu Field Ltd. – KrisEnergy Asia Ltd. এর সাথে PSC Block SS-11 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। Santos Sangu Field Ltd. উক্ত ব্লকে তাদের পার্টিসিপেটরি ইন্টারেস্ট যুক্তরাজ্যভিত্তিক Ophir Energy PLC-এর একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান Ophir Jaguar 1 Ltd.-এর নিকট হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। ব্লকের অপর অংশীদার KrisEnergy এবং বাপেক্স ইতিমধ্যে এ বিষয়ে তাদের সম্মতি প্রদান করেছে।
- এছাড়া Block- SS-11-এ Santos কর্তৃক আহরিত দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ বাপেক্সে প্রেরণ করেছে। বাপেক্সের ভূতাত্ত্বিক বিভাগ ও ভূপদার্থিক বিভাগের কর্মকর্তৃবৃন্দ উক্ত উপাত্তসমূহ পর্যালোচনা করছেন।
- ২৮। ONGC Videsh Ltd. (OVL) ও Oil India Ltd. (OIL) এর সাথে PSC Block SS-04 ও SS-09 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। ব্লক- SS-04 এর অধীন কক্সবাজার জেলার মহেশখালীতে ‘কাঞ্চন-১’ নামে একটি অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়ন ও এপ্রোচ রোড নির্মাণের কাজ চলছে। রিগ স্থানান্তরের প্রক্রিয়া চলছে।
- অপারেটর ONGC Videsh ব্লকসমূহের চূড়ান্ত ইন্টারপ্রিটেশন রিপোর্ট বাপেক্স-এ প্রেরণ করেছে। বাপেক্সের ভূতাত্ত্বিক বিভাগের কর্মকর্তৃবৃন্দ উক্ত ইন্টারপ্রিটেশন রিপোর্ট পর্যালোচনা করছেন।
- ২৯। Niko Resources কর্তৃক আন্তর্জাতিক আদালতে দায়েরকৃত মামলায় (ICSID Case Nos.ARB/10/11 and ARB/10/18) বাপেক্স ও পেট্রোবাংলা নিযুক্ত আইনি প্রতিষ্ঠানের মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করার কাজ চলমান রয়েছে। সম্প্রতি ইতিপূর্বে ঘোষিত Procedural Order No. 17-এর বিষয়ে কিছু নির্দেশনা প্রদান করেছেন।
- ৩০। সরকার কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান Gazprom এবং বাপেক্স-এর মধ্যে Bhola Island Gas Field Evaluation-এর জন্য উভয় পক্ষের সম্মতিক্রমে একটি খসড়া Memorandum of Understanding (MoU) প্রণয়ন করা হয়েছে। পরবর্তী অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে।

৪.২

ভূপদার্থিক বিভাগ

১। ডাটা প্রসেসিং উপবিভাগ :

- ক) ২০১৭-২০১৮ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০২ এর আওতায় কিশোরগঞ্জ এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-21, RK-9-25, RK-9-29 ও RK-9-33 লাইনসমূহের Final Processing এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের জন্য ২ডি উপাত্ত বিশ্লেষণ উপবিভাগে এবং ভূতাত্ত্বিক বিভাগে প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-18, RK-9-22, RK-9-26, RK-9-30, RK-9-37 Full Line, RK-9-41 Full Line, RK-9-53 ও RK-9-57 লাইনসমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- খ) ২০১৭-২০১৮ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ এর আওতায় জামালপুর, ময়মিনসিংহ ও টাঙ্গাইল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-R-42, RK-9-R-38, RK-9-R-01 ও RK-9-R-05 লাইনসমূহের Final Processing এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের জন্য ২ডি উপাত্ত বিশ্লেষণ উপবিভাগে এবং ভূতাত্ত্বিক বিভাগে প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-R-22, RK-9-R-26 ও RK-9-R-30 লাইনসমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- গ) Processing Software Geovation 2015 (Level 6501) দ্বারা ২০১৮-২০১৯ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ কর্তৃক মাদারগঞ্জ-জামালপুর এলাকার RK-9-MG-63, RK-9-42R, RK-9-38R এবং পার্টি-০২ কর্তৃক কিশোরগঞ্জ এলাকার RK-9-41, RK-9-21, RK-9-53, RK-9-57 RK-9-22 সংগৃহীত লাইনসমূহের 1st Residual Stack এবং RK-9-R05 ও RK-9-MG-61 PSTM এর কাজ শেষ হয়েছে। বর্তমানে অবশিষ্ট লাইনসমূহের 2nd Velocity Analysis Picking কাজ চলমান আছে।

২। জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ :

- ক) 428 এর Server ও client সমূহ পরীক্ষা করা হয়েছে।

৪.৩

খনন পরিচালনা বিভাগ

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) বেগমগঞ্জ # ৪ খনন প্রকল্প :
বাপেক্স ও SOCAR AQS এর মধ্যে টার্নকি চুক্তির আওতায় সকার একিউএস বেগমগঞ্জ-৪ কূপ এলাকায় রিগ স্থানান্তরের কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সকার একিউএস চুক্তি বাতিলের নোটিশ প্রদান করায় বেগমগঞ্জ # ০৪ কূপ খনন অনিশ্চয়তা দেখা দিয়েছে।
- খ) বাখরাবাদ # ১ ওয়ার্কওভার :
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় বাপেক্স এর XJ650T (Production Rig) রিগ দ্বারা ২০-০২-২০১৯ তারিখে বাখরাবাদ # ০১ ওয়ার্কওভার কাজ শুরু করা (Spun in) হয়েছে। ইতিমধ্যে ২টি ডিএসটি করা হয়েছে এবং গ্যাস প্রাপ্তি নিশ্চিত হয়েছে।
- গ) তিতাস # ৬ ওয়ার্ক ওভার প্রকল্পঃ
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় IDECO 1700 Rig টি বেগমগঞ্জ # ০৩ হতে তিতাস-৬ কূপে স্থানান্তরপূর্বক গত ৩০-১০-২০১৮ তারিখে গির আপসহ কমিশনিং করা হয়েছে। ওয়ার্কওভার কাজের জন্য জনবলসহ রিগটি সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। ওয়ার্কওভার শুরু করার বিষয়ে বাপেক্স কর্তৃক বিজিএফসিএলকে পত্র প্রেরণ করা হয়েছে। মে, ২০১৯ মাসের প্রথম সপ্তায় ওয়ার্কওভার কাজ শুরু হবে।
- ঘ) তিতাস # ৭ ওয়ার্কওভার প্রকল্পঃ
বাপেক্স বিজিএফসিএল এ
র মধ্যে চুক্তির আওতায় ZJ40 DBT (Production Rig) রিগটি হবিগঞ্জ # ০১ ওয়ার্কওভার শেষে তিতাস # ০৭ ওয়ার্কওভার প্রকল্পে রিগ শিফটিং সমাপ্ত হয়েছে। বিজিএফসিএল-এর চাহিদা অনুযায়ী তিতাস-৭ কূপের পূর্বে নরসিংদী-১ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করা হবে। সে অনুযায়ী উক্ত কূপে রিগ স্থানান্তরের সম্ভাব্য সময়সূচী জানানোর জন্য বাপেক্স হতে পত্র প্রেরণ করা হয়। বিজিএফসিএল হতে সময়সূচী প্রাপ্তি সাপেক্ষে উক্ত রিগটি নরসিংদী-১ কূপে স্থানান্তরের কাজ শুরু করা হবে।
- ঙ) নরসিংদী # ০১ ওয়ার্কওভারঃ
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় ZJ40 DBT (Production Rig) রিগটি হবিগঞ্জ # ০১ ওয়ার্কওভার শেষে তিতাস # ০৭ কূপ এলাকায় স্থানান্তর করা হয়েছে। বিজিএফসিএল-এর চাহিদা অনুযায়ী রিগটি তিতাস-৭ কূপ হতে পুনরায় নরসিংদী-১ কূপে স্থানান্তরের কার্যক্রম নেয়া হয়েছে।

২। রিগ বেইজ :

- ক) মাধবপুর রিগ বেইজ :
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

১। কূপ পরীক্ষণ (Well Testing) :

- ১) রূপকল্প # ১ প্রকল্পের শ্রীকাইল ইষ্ট # ১ অনুসন্ধান কূপের জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে Slick Line Operation Service গ্রহণের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন স্বাক্ষরিত হয়েছে।
- ২) রূপকল্প-২ প্রকল্পের জকিগঞ্জ # ১ কূপের জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে DST Service গ্রহণের লক্ষ্যে দরপত্র আহ্বান করা হয়েছে।
- ৩) রূপকল্প # ১ প্রকল্পের শ্রীকাইল ইষ্ট # ০১ কূপের জন্য LTM এর মাধ্যমে DST Service গ্রহণের লক্ষ্যে আহ্বায়িত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র মূল্যায়ন সম্পন্ন করত: খসড়া চুক্তিপত্র প্রনয়নের কাজ চলমান রয়েছে।
- ৪) সালদা গ্যাস ক্ষেত্রে রক্ষিত কূপ পরীক্ষণ যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।
- ৫) সদ্যসমাপ্ত বিভিন্ন কূপের কূপ পরীক্ষণ রিপোর্ট প্রনয়ণ এবং পরবর্তী কূপসমূহের প্রস্তাবিত ডিএসটি/ টেস্টিং প্রসিডিউর চূড়ান্তকরণের কাজ অব্যাহত আছে। বাপেক্স আর্কাইভে বিভিন্ন কূপের দলিল/দস্তাবেজ প্রদানের কাজ চলমান রয়েছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) বাখরাবাদ # ০১ ওয়ার্কওভার কূপের মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান অব্যাহত রয়েছে।
- ২) তিতাস # ৬ কূপের ওয়ার্কওভার কাজে মাড ইঞ্জিনিয়ারিং সেবা চলমান আছে।
- ৩) আর্কাইভে এ তথ্য প্রদানের কাজ চলছে।

৩। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) শ্রীকাইল ইষ্ট (রূপকল্প # ১) কূপের বিপরীতে Procurement Of API Class “G” Cement , Cement Additives, And Cementation Services With Equipment (Rental) এর জন্য আন্তর্জাতিক দরপত্র (LTM) মূল্যায়নের কাজ সম্পন্ন শেষে খসড়া চুক্তি প্রনয়নের কাজ চলমান আছে।
- ২) রূপকল্প # ২ এর আওতায় জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের বিপরীতে Procurement Of API Class “G” Cement, Cement Additives and Cementation Services With Equipment (Rental) এর জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) আহ্বানের কাজ চলমান আছে।
- ৩) কর্তৃপক্ষের কারিগরী সভার সিদ্ধান্তের আলোকে শাহবাজপুর # ১ কূপের Annulus এ Brine Pump করার লক্ষ্যে সিমেন্টিং ইউনিট ও সংশ্লিষ্ট মালামাল সমূহ স্থানান্তর করা হয়েছে।

৪.৫

পরীক্ষাগার বিভাগ

১। ভূ-রসায়ন :

- ক) Petrophysical Analysis এর নিমিত্তে বিশ্লেষণসমূহের একটি কার্যপদ্ধতির বিবরণী (SOP) প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে।
- খ) বাপেক্স-এর আর্কাইভ সৃজনের লক্ষ্যে গঠিত কমিটির চাহিদাক্রমে উপ-বিভাগে রক্ষিত প্রতিবেদনসমূহের তালিকা মোতাবেক প্রতিবেদনসমূহ ও অন্যান্য দলিলাদির প্রয়োজনীয় সফট্‌কপি প্রস্তুতির কাজ চলছে যা পরবর্তীতে কমিটির নিকট প্রেরণ করা হবে।
- গ) বাপেক্স-এর চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে অবস্থিত কোরস্টোরটি আধুনিকায়নের প্রচেষ্টা চলমান আছে ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।
- ঘ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত দুই (০২) টি কোর (১৮ মিটার এর ২১ টি সেগমেন্ট) ও কাটিং নমুনা (৫১ টি বক্স) খনন এলাকা হতে প্রধান কার্যালয়, ঢাকায় স্থানান্তর করা শেষে নমুনা প্রস্তুতির কাজ চলছে।
- ঙ) উপ-বিভাগের Analogue Core Resistivity Meter এর মেরামতের কাজ চলমান আছে।
- চ) অত্র উপ-বিভাগ হতে দুই জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ প্রাপ্ত হন। তন্মধ্যে একজন থাইল্যান্ড এর AIT extension এবং অন্যজন মালয়েশিয়ার INSTEP হতে প্রশিক্ষণ প্রাপ্ত হন।

২। ভূতাত্ত্বিক ল্যাব :

- ক) মোবারাকপুর #১ কূপ থেকে সংগৃহীত cutting নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুত এবং জীবাশ্ম পৃথকীকরণের কাজ চলছে।
- খ) মোবারাকপুর #১ কূপ থেকে সংগৃহীত cutting নমুনার XRD Data Collection এর কাজ চলছে।
- গ) ভোলা নর্থ#১ কূপ থেকে সংগৃহীত cutting নমুনার clay separation এবং XRD Data Collection এর কাজ চলছে।
- ঘ) অত্র উপ-বিভাগ হতে তিন জন কর্মকর্তা মালয়েশিয়ার INSTEP হতে “Petroleum Reservoir Characteristic and Petroleum Fluid Analysis” শীর্ষক প্রশিক্ষণে অংশ গ্রহন করেন।

৩। পেট্রোফিজিক্যাল :

- ক) ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (ফেঞ্চুগঞ্জ #৩ ও #৪), ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, ভূতাত্ত্বিক বিভাগ, ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- খ) সালদানদী গ্যাসক্ষেত্র থেকে এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (সালদা #৩ শর্ট ও লং স্ট্রিং), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- গ) সেমুতাং গ্যাসক্ষেত্র থেকে মার্চ ২০১৯ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণ প্রতিবেদন ই-নথির মাধ্যমে উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (সেমুতাং #৫ ও #৬), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনা বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

- ঘ) সেমুতাং গ্যাসক্ষেত্র থেকে মার্চ ২০১৯ মাসে সংগৃহীত বুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণ প্রতিবেদন ই-নথির মাধ্যমে উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (সেমুতাং #৫ ও #৬), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনা বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- ঙ) শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে মার্চ ২০১৯ মাসে সংগৃহীত বুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণ প্রতিবেদন ই-নথির মাধ্যমে উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০৩ (তিন)টি ওয়েলহেড গ্যাস (শাহবাজপুর #২, #৩ ও #৪), ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১ (এক)টি পানি নমুনা বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- চ) শ্রীকাইল গ্যাসক্ষেত্র থেকে মার্চ ২০১৯ মাসে সংগৃহীত বুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণ প্রতিবেদন ই-নথির মাধ্যমে উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। এপ্রিল ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (শ্রীকাইল #২, ও #৪), ০২ (দুই)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনা বিশ্লেষণ শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- ছ) শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র থেকে এপ্রিল ২০১৯ সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস, ০১ (একটি)টি ওয়েলহেড গ্যাস (সুন্দলপুর #২) ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, ভূতাত্ত্বিক বিভাগ, শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- জ) বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০১ (এক)টি ওয়েলহেড গ্যাস (বেগমগঞ্জ #৩), ০২ (দুই)টি কনডেনসেট ও ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, ভূতাত্ত্বিক বিভাগ, বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ঝ) বাপেক্স এর ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০১৮-১৯ মাঠ মৌসুমে নেত্রকোণা জেলার সদর উপজেলার ২ নং মেদনী ইউনিয়নের বরোয়ারী গ্রাম থেকে সংগৃহীত ০২ (দুই) বোতল সীপ গ্যাস নমুনার বিশ্লেষণের কাজ চলছে।
- ঞ) বাপেক্স এর আর্কাইভ সৃজনের লক্ষ্যে গঠিত কমিটির চাহিদাক্রমে জিওকেমিক্যাল উপ-বিভাগের ৯৭ (সাতানব্বই)টি বিশ্লেষণ প্রতিবেদন কমিটির নিকট প্রেরণ করা হয়েছে।

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কূপ সংখ্যা	উৎপাদনরত কূপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০১৮- ২০১৯)	চলতি মাস (এপ্রিল' ২০১৯)	বিগত মাস (মার্চ, ২০১৯)	চলতি বৎসর (২০১৮-২০১৯)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০১	১। গ্যাস ২। কনডেনসেট	০.১০১ ০.০৮০	৩৬.৮৬ ২৯.১১	৩.৮৪৭ ৩.১৫৬	৩.৯৭৭ ৩.২৭৫	৩৭.০৭৪ ৩৩.৮৬১	২০৯০.৩৮৯ ৭০৫৬.৯০৯
০২।	ফেঞ্চুগঞ্জ	০৩	০২	১। গ্যাস ২। কনডেনসেট	০.২৫৩ ০.৫২২	৯২.২০ ১৯০.৫৯	৬.৯৪১ ১৭.১৭২	৭.২০৭ ১৯.১৬০	৮৭.২৭৫ ২০৬.৭২৪	৪৫১৯.৬২৮ ১৮৩১৯.২২৬
০৩।	শাহবাজপুর	০৪	০২	১। গ্যাস ২। কনডেনসেট	১.৭২০ ১.১২৩	৫৬৭.৫৮ ৩৭০.৬০	৫০.৮৯১ ৩২.৮৮১	৪৮.৩৯৪ ৩৩.৪৮৫	৪৭১.৬৩৪ ৩৪০.৫৩০	১৮২১.৭১৯ ১১৩৪.৭১৩
০৪।	সেমুতাং	০৬	০১	১। গ্যাস ২। কনডেনসেট	০.০১৬ ০.০০৪	৫.৭৬ ১.৪৯	০.৬৮২ -	০.৭৫১ -	৬.৫৭৫ ১.৪৮৭	৩৭১.২১৯ ৮২৫.৯৭৬
০৫।	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস ২। কনডেনসেট	০.১৮১ ০.০২০	৬৬.০০ ৭.৪২	৬.০০৩ ১.৫৩৩	৬.২৪১ ১.৫৮৪	৫৯.২৪০ ২২.৮৯৯	৩৬৭.৭২৬ ৭২.৮৩৯
০৬।	শ্রীকাইল	০৩	০৩	১। গ্যাস ২। কনডেনসেট	০.৮৪৫ ১২.৫৫৭	৩০৮.৬০ ৪৫৮৩.২৯	২৯.৭৮৫ ৪৬৩.০৯৯	৩১.১৯৩ ৪৯৯.৭৭৭	২৯৪.৫৫৬ ৪৬৭৯.৩৩২	২৩৯৭.১৮০ ২২৩১৯.৮৬০
০৭।	বেগমগঞ্জ	০৩	০১	১। গ্যাস ২। কনডেনসেট	০.৩৫৬ ০.৬০৯	৪২.৭৩ ৭৩.০৭	৫.৫৭৭ ১০.০১২	৫.৬৬৮ ৯.০২২	৩৮.০৯৯ ৭০.০৭৬	৬২.৮৯৮ ৯২.৮৩৫
০৮।	রূপগঞ্জ	০১	০১	১। গ্যাস ২। কনডেনসেট	- -	- -	- -	- -	- -	১৯.২২৯ ১৮০.০৮৩

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (এপ্রিল' ২০১৯)	ক্রমপুঞ্জিভূত (এপ্রিল' ২০১৯) (২০১৮-২০১৯)	ভ্যাট প্রদান (এপ্রিল' ২০১৯)	ভ্যাট বাদে মূল্য (এপ্রিল' ২০১৯)	মোট মূল্য (এপ্রিল' ২০১৯)	ক্রমপুঞ্জিভূত মূল্য (২০১৮-১৯)
০১।	সালদানদী	১। গ্যাস ২। কনডেনসেট	৩.৮৪২৭ -	৩৭.০৩০৭ ২৭.০০০	৩০.০৯৬৪ -	১১৬.৬৫২৪ -	১৪৬.৭৪৮৮ -	১৪২৯.৮১৯২ ১১.৩০৪৯
০২।	ফেঞ্চগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	৬.৯২৮৪ -	৮৭.১২৭৯ ২৪৩.০০০	৫৪.২৩০২ -	২১০.১৯৩৮ -	২৬৪.৪২৪০ -	৩৩৬৬.৫৭৬৬ ১০৩.৩৭৭৬
০৩।	শাহবাজপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৫০.৮৬৫৫ ২৭.০০০	৪৭১.১৪৫৪ ৩১০.৫০০	২২২.২৯১৩ ১.২০৯৬	১৫৪৭.০২৬৮ ৭.৩৮৪৫	১৭৬৯.৩১৮১ ৮.৫৯৪১	১৫৮৬৭.৩০৩৮ ৯৮.৮৩২৩
০৪।	সেমুতাং	১। গ্যাস ২। কনডেনসেট	০.৬৭৪৬ ৮.০০০	৬.৪৮৯১ ৩২.০০০	৬.৭৩৯৯ ০.৪৪৩২	২০.৫১৫৯ ২.৯০৬৪	২৭.২৫৫৮ ৩.৩৪৯৬	২৮২.৭১২৩ ২০.০৯৭৬
০৫।	সুন্দলপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৬.০০২৭ -	৫৯.২৩৩০ ১৮.০০০	৪৭.১০২১ -	১৮২.৫৬৫৫ -	২২৯.৬৬৭৬ -	২২৪৯.০৯৫৫ ৭.৫৩৬৬
০৬।	শ্রীকাইল	১। গ্যাস ২। কনডেনসেট	২৯.৭০৯১ ৪৯৫.০০	২৯২.০৮৬৯ ৪৭০৭.০০০	২০১.৫৮০৫ ২৭.৪২১০	৮৮১.৬৪১১ ১৭৯.৮৩৫৫	১০৮৩.২২১৬ ২০৭.২৫৬৫	১১৬৫৮.৭৪৯৩ ১৯৮৩.৬১৮৯
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	৫.৫৭২৪ ১৮.০০০	৩৮.০৬৫৬ ৪৫.০০০	৪৩.৭২৫৪ ০.৯৯৭১	১৬৯.৪৭৭৮ ৬.৫৩৯৫	২১৩.২০৩২ ৭.৫৩৬৬	১৪৪৯.৭৭৫৮ ১৮.৮৪১৫
০৮।	রূপগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	- -	- ১৭.৩০০	- -	- -	- -	- ৭.২৪৩৬

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম :

- ক) মেশিনশপ : ক) লেদ মেশিনের টুল হোল্ডার তৈরী করা হয়েছে-০২টি।
খ) লেদ মেশিনের লাইনার তৈরী করা হয়েছে-০৪টি।
এছাড়া লেদ মেশিন, শেফার মেশিন, পাইপ থ্রেডিং মেশিন রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- খ) ড্রিলিং ইকুইপমেন্ট এবং ওয়ার্কশপ : ক) মল পি/সি-০০১৯ এর ব্যাটারী বক্স তৈরী করা হয়েছে-০১টি।
খ) মল পি/সি-০০১৯ এর বডির বিভিন্ন অংশের ওয়েল্ডিং করা হয়েছে।
গ) টুল হোল্ডারে গ্যাস ওয়েল্ডিংপূর্বক কার্বাইড টিপস ফিটিং করা হয়েছে।
ঘ) নিশান ট্রেইলর-০১৬১ এর গ্যাস হিট দিয়ে বুশ খোলা হয়েছে।
- গ) অটোশপ ক) পাজারো জীপ-৫৯৬৩ এর ব্রেক মেরামত ও মবিল টপআপ করা হয়েছে।
খ) পাজারো জীপ-২৪১১ এর ব্রেক মেরামত ও মবিল টপআপ করা হয়েছে।
